



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০-২৮২০৪/৬

তারিখ: ৩১ জুলাই ২০২২ খ্রি.

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২২' যথাযোগ্য মর্যাদায় পালন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর গত ২৫ জুলাই, ২০২২ তারিখের সভার সিদ্ধান্ত অনুসারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস-২০২২' যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অধিদপ্তরাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র.নং	জাতীয় কর্মসূচি
০১	১৫ আগস্ট, ২০২২ তারিখ সোমবার অধিদপ্তরাধীন সকল অফিস/শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।
০২	১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে অধিদপ্তরাধীন সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।
০৩	* অধিদপ্তরাধীন সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে দৃশ্যমান স্থানে জাতীয় শোক দিবসের ভাবগাম্ভীর্য অক্ষুণ্ন রেখে ব্যানার স্থাপন করতে হবে। ব্যানারসমূহ পুরো আগস্ট মাস প্রদর্শন করতে হবে। বিবর্ণ, ছেঁড়া ব্যানার ব্যবহার করা যাবে না। ব্যানার বিবর্ণ হলে প্রয়োজনে পুনঃস্থাপন করতে হবে। * পোস্টার এবং ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ব্যতিত অন্য ছবি ব্যবহার করা যাবে না। জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ সংশ্লিষ্ট জেলা তথ্য অফিসারের সাথে যোগাযোগ করে পোস্টার সংগ্রহপূর্বক শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রচারের ব্যবস্থা করবেন। যাদের LED বোর্ড রয়েছে তারা LED বোর্ডের মাধ্যমে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস বিষয়ক তথ্য চিত্র প্রচারের ব্যবস্থা করবে। * সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ আগস্ট মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করবে।
০৪	সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সজ্ঞাপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী এবং দোয়া মাহফিল/উপাসনার আয়োজন করবে। শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক গুপে বিভক্ত করে রচনা প্রতিযোগিতার আয়োজন করে পুরস্কার বিতরণের ব্যবস্থা করতে হবে। অধিদপ্তরাধীন সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে আলোচনা সভার আয়োজন করবেন।
০৫	জাতীয় কর্মসূচির আলোকে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা ও উপজেলায় কর্মরত অধিদপ্তরাধীন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।
০৬	জাতীয় কর্মসূচির আলোকে অধিদপ্তরাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করবে।
০৭	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামা', 'সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান', 'আমার দেখা নয়াচীন' ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বিভিন্ন গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠানে পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/পরিচালক (এইচএসটিটিআই) সকল/
অধ্যক্ষ, সরকারি/বেসরকারি/টিটি কলেজ/ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/
জেলা শিক্ষা অফিসার (সকল)/প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও
উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৬. সংরক্ষণ নথি।